



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230.

Ref: বিজিএ/মেলা/২০২১/ ৩৬৬

২৯ সেপ্টেম্বর ২০২১

সম্মানিত সদস্যদের জন্য

বিষয়: আগামী ১৪-২৭ নভেম্বর, ২০২১ সময়ে ভারতের প্রগতি ময়দান, নয়াদিল্লীতে অনুষ্ঠিতব্য "40th edition of India International Trade Fair (IITF), শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪-২৭ নভেম্বর, ২০২১ সময়ে ভারতের প্রগতি ময়দান, নয়াদিল্লীতে "40th edition of India International Trade Fair (IITF), শীর্ষক একটি মেলা অনুষ্ঠিত হবে মর্মে ইপিবি তাদের ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের স্মারক নং ২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২৬.২১-২৫৪ মাধ্যমে জানায়।

উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের ইপিবি'র নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি, নিম্নে বর্ণিত কাগজপত্র ও পে-অর্ডারসহ আবেদন আগামী ১০/১০/২০২১ ইং তারিখের মধ্যে বিজিএমইএ'র মেলা শাখায় (৩য় তলা) দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল:

উল্লেখ্য যে, প্রতিষ্ঠানসমূহের দাখিলকৃত ডকুমেন্টস এবং সক্ষমতা পর্যালোচনাপূর্বক অংশগ্রহণ ফি এর উপর ইপিবি কর্তৃক প্রদত্ত নির্ধারিত হারে ভর্তুকি প্রদান করা হবে।

ক। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন, মোবাইল, ই মেইল ও ফ্যাক্স নাম্বারসহ লেটার হেড প্যাডে আবেদন করতে হবে।

খ। মেলায় অংশ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির দুই কপি ছবিসহ নাম ও পদবী উল্লেখ করতে হবে। মনোনীত ব্যক্তি কে অবশ্যই কোম্পানীর সক্রিয় শেয়ার হোল্ডার ডাইরেক্টর হতে হবে।

গ। মনোনীত ব্যক্তির পাসপোর্টের ফটোকপি এবং বিভিন্ন দেশে ভ্রমণের ভিসাপাতাসহ ফটোকপি পাঠাতে হবে।

ঘ। যেসব পণ্য মেলায় প্রদর্শন করা হবে তার নাম (নীট,ওভেন ও সুয়েটার উল্লেখ পূর্বক) তালিকা সংযুক্ত করতে হবে।

ঙ। বিগত এক বছরের পিআরসি'র ফটোকপি দিতে হবে।

চ। কোম্পানী প্রোফাইল দিতে হবে।

ছ। মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অফ এসোসিয়েশন দিতে হবে।

জ। ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেটের ফটোকপি দিতে হবে।

এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে:

১. মোঃ মজিবুর রহমান শাহীন, উপ-সচিব, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইল: ০১৮১৭-০৪৯৯৯৯


২. সিজন মাহমুদ প্লাবী, নির্বাহী, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইল: ০১৭২৭-৬৫৬৯৯৭

সংযুক্তি:

১। ইপিবি'র পত্র।

২। মেলায় অংশগ্রহণের জন্য ইপিবি'র আবেদন ফর্ম।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

নং-২৬.০২.০০০০.০৩১.৫৮.৬২৬.২১-২৫৪

তারিখঃ ১২ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ।
২৭ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ 40th edition of India International Trade Fair (IITF) শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৪-২৭ নভেম্বর ২০২১ সময়ে ভারতের প্রগতি ময়দান, নয়াদিল্লিতে অনুষ্ঠিত 40th edition of India International Trade Fair (IITF) শীর্ষক মেলায় অংশগ্রহণের লক্ষ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো কার্যক্রম গ্রহণ করেছে। উক্ত মেলায় Processed food, Electronics, Health care Products and Services, Information Technology (IT) and Tele communication and Agriculture products, Textiles, Cosmetics, Footwear, Medicines, White Goods, Sustainable/Echo Friendly products, Energy ইত্যাদি পণ্য প্রদর্শন করা যাবে। মেলাটি B2B ও B2C প্ল্যাটফর্ম হিসেবে বাংলাদেশের ব্যবসায়ীদের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মেলার বিস্তারিত তথ্যাদি www.indiatradefair.com এ পাওয়া যাবে।

০২। উক্ত মেলায় অংশগ্রহণে আপনার সমিতিভুক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহ/প্রতিষ্ঠান আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র আগামী ১০ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউন লোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থবছরের পিআরসি) অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, মেলায় অংশগ্রহণ ফি নির্ধারণ করা হয়েছে টাকা ৪,৭৫,০০০.০০ (চার লক্ষ পঁচাত্তর হাজার) মাত্র। মেলায় অংশগ্রহণের জন্য নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

০১) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা শতকরা
০১	১০ এর উপরে	'ক'	২০%
০২	০৫-১০	'খ'	৩৫%
০৩	০৫ এর নীচে	'গ'	৪৫%
০৪	প্রারম্ভিক (কোন রপ্তানি নাই)	'ঘ'	৫০%

০২) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

ক্রমিক নং	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	ক্যাটাগরী	ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার
০১।	রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য	"ক"	৪০%
০২।	প্রারম্ভিক (কোন রপ্তানি নেই)	"খ"	৫০%

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি'র উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।

M. Sharmin
29/09/2021
(মুনিরা শারমিন)
সহকারী পরিচালক

বিতরণ কার্যার্থে (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, সেক্টর # ১৭, ব্লক # এইচ-১, উত্তরা, ঢাকা। ই-মেইল: info@bgmea.com, fair@bgmea.com.bd
- সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ই-মেইল: info@bkmea.com, bkfair@bkmea.com
- সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পাছপথ, কাওরান বাজার, ঢাকা। btma2@yahoo.com
- সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়্যেল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোসাঃ, পল্টন টাওয়ার, ৮৭ পুরানা পল্টন লেন (সাউথ ইস্ট কর্নার), ঢাকা। info@bttlmea.com.bd

৫. সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা। ই-মেইল: bflfea58@yahoo.com
৬. সভাপতি, বাংলাদেশ ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স এসোসিয়েশন, স্কাইলার্ক পয়েন্ট (১০ম তলা), ২৪/এ রিজয় নগর, নর্থ সাউথ রোড, ঢাকা। E-mail: bffea@dhaka.net
৭. সভাপতি, লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ১৮, কামাল আর্থাটুক এভিনিউ, ইন্সট্রস হাউজ (১০ম তলা) বনানী বা/এ, ঢাকা। E-mail: blmea@banglamall.net
৮. সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস), বিডিবিএল ভবন(৬ষ্ঠ তলা, পশ্চিম), ১২, কাওরান বাজার, ঢাকা-১২১৫, E-mail: info@basisbd.org, secretariat@basis.org.bd
৯. সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, নাভানা ওসমান @ লিংক (৫ম তলা), ২১৪/ডি, তেজগাঁও-গুলশান লিংক রোড, বীর উত্তম মির শওকত এভিনিউ, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ই-মেইল-bdass@bol-online.com
১০. President, Bangladesh Agro Processors Association (Bapa), Navana Newbury Place, Flat # D6, 6th floor, 4/1/A Sobhanbagh, Sher-e-bangla nagar, Dhaka-1207, Email: info@bapabd.org; bapabd1998@gmail.com
১১. President, Bangladesh Energy Companies Association, High Tower, 9, Mohakhali C/A (3rd Floor), Dhaka-1212, Mob: 01199-801180
১২. President, Bangladesh Electronic Manufactures Association, Arafat Tower, 94, Mlibagh, DIT Road, Dhaka. Ph: +88-02-8144536.
১৩. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ০১) এপিআরও টু ভাইস-চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২) পি এ টু, মহাপরিচালক-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক-১ মহোদয়ের সদয় অবগতির জন্য)।